**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**DATE: 18 September 2025** **TIME: 7:35 AM**

---

কেন্দ্রীয় সরকার আসামের গ্রামীণ অনাময় ব্যবস্থার উন্নতির জন্য ২১৪ কোটি টাকা মঞ্জুর করেছে । কেন্দ্রীয় পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন মন্ত্রক জানিয়েছে যে চলতি অর্থবছরের জন্য আসামকে এই অনুদান দেওয়া হয়েছে । এই অর্থ অনাময় ও মুক্ত স্থানে মলত্যাগের অভ্যাসের বিলুপ্তি , ঘরোয়া আবর্জনার ব্যাবস্থাপনা এবং পুনর ব্যবহার , পানীয় জল সরবরাহ ,বৃষ্টির জল সংরক্ষণ এবং পুনর ব্যাবহারের মতো প্রাথমিক সেবার জন্য ব্যাবহার করা হবে ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ৭৫ তম জন্মদিন ও সেবা পক্ষ কার্যসূচীর অংশ হিসেবে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ গতকাল নতুন দিল্লীর ত্যাগরাজ স্টেডিয়ামে ১৬ হাজার কোটি টাকার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও ভিত্তি প্রস্তর স্থাপন করেন । এই প্রকল্পগুলির মধ্যে কলেজ পর্যায়ের দৃষ্টিহীন কন্যা শিক্ষার্থীদের জন্য অটল দৃষ্টি ছাত্রাবাস , বৌদ্ধিকভাবে দিব্যাংগ ব্যাক্তিদের জন্য অটল আশাগৃহ এবং প্রবীন নাগরিকদের জন্য সাবিত্রীবাঈ ফুলে গৃহ প্রকল্প রয়েছে ।

উল্লেখ্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিনের সঙ্গে  সঙ্গতি রেখে ভারতীয় জনতা পার্টী গতকাল থেকে সমগ্র দেশে সেবা পক্ষের আয়োজন করেছে । আগামী দোসরা অক্টোবর এই সেবা পক্ষের শেষ হবে ।

---

বরাক উপত্যকার তিন জেলায়ও গতকাল থেকে সেবা সপ্তাহ পালন শুরু হয়েছে ।

কাছাড় জেলার ধলাই-র বি এন এম পি হাইস্কুলে আজ স্বাস্থ্য শিবির সহ ১৮ বছর বয়স পর্যন্ত শিশু-কিশোরদের ৫৯টি রোগের বিনামূল্যে পরীক্ষা ও চিকিৎসা পরিষেবা প্রদান করা হবে । আগামীকাল  জেলার এক হাজারটি শিক্ষা প্রতিষ্ঠানে বৃক্ষরোপন কার্য্যসূচী , ২০ সেপ্টেম্বর নবীন সাহিত্যিকদের বিশেষভাবে আয়োজিত হবে যুব লেখক সম্মান প্রকল্প , ২২শে সেপ্টেম্বর যক্ষা রোগীদের নিক্ষয় মিত্র প্রকল্পের মাধ্যমে পুষ্টি সহায়তা প্রদান এবং ২৫শে সেপ্টেম্বর জেলাজুড়ে এক হাজার পাঁচশ ৭৫টি ভোট কেন্দ্রে অরুণোদয় প্রকল্পের তৃতীয় পর্য্যায় শুরু হবে ।

---

শ্রীভূমি জেলার দুল্লভছড়া এলাকার মহিলারা সুস্থ নারী-সুস্থ পরিবার অভিযানের অধীনে আগামী দোসরা অক্টোবর পর্য্যন্ত নাক, কান ,  দাঁত , রক্তচাপ , মধুমেহ ,যক্ষা , কর্কট রোগ , গর্ভবতী মহিলার জন্য প্রসব পূর্ব পরীক্ষা করাতে পারবেন ।

শ্রীভূমির সাংসদ কৃপানাথ মালা গতকাল দুল্লভছড়া মডেল  হাসপাতালে সুস্থ নারী-সুস্থ পরিবার  অভিযানের উদ্বোধন করে স্থানীয় মহিলাদের এই সুযোগ গ্রহন করতে আহ্বান জানিয়েছেন ।

---

সেবা সপ্তাহ পালনের অঙ্গ হিসেবে হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে গতকাল হাইলাকান্দি এস এস কলেজে মেগা রক্তদান শিবিরের আয়োজন করা হয় । রক্তদান শিবিরে জেলা আয়ুক্ত অভিষেক জৈন , পুলিশ সুপার অমিতাভ সিনহা সহ শতাধিক ব্যাক্তি স্বেচ্ছায় রক্তদান করেন ।

---

হাইলাকান্দি জেলায় আগামীকাল জেলার এক হাজার তিনশ ৮৭টি শিক্ষা প্রতিষ্ঠানে বৃক্ষরোপন কার্যসূচী গ্রহন করা হয়েছে । ২২শে সেপ্টেম্বর এস এস কলেজে যক্ষা রোগীদের নিক্ষয় মিত্র নামক সাহায্য কর্মসূচী এবং কাটলিছড়ার এস কে রায় কলেজে শিশুদের মেগা স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়েছে । এরপর ২৩শে সেপ্টেম্বর এস এস কলেজে এবং বোয়ালিপারের শশীভূষন ইনষ্টিটিউট অব এডুকেশনে ধর্মীয় প্রতিষ্ঠানগুলির জন্য জমির পাট্টা বিতরন এবং ২৫শে সেপ্টেম্বর অরুণোদয়ের তৃতীয় পর্যায়ের কার্যসূচী জেলার ৬০২টি ভোট কেন্দ্রে অনুষ্ঠিত হবে । এই অনুষ্ঠানগুলিতে জেলার অভিভাবক মন্ত্রী কৃষ্ণেন্দু পাল , সাংসদ কৃপানাথ মালা সহ তিন বিধায়ক জাকির হোসেন লস্কর , সুজাম উদ্দিন লস্কর এবং নিজাম উদ্দিন চৌধুরী প্রমূখ সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ।

---

শ্রীভূমির নেতাজী স্পোর্টিং ক্লাবের উদ্যোগে এবং মেরা যুব ভারত -এর সহযোগীতায় গত মঙ্গলবার শ্রীভূমি শহরের সরস্বতী মহাবিদ্যালয়ে বিভিন্ন ফ্ল্যাগশিপ প্রকল্পের উপর এক দিবসীয় কর্মশালা অনুষ্ঠিত হয়েছে । কর্মশালায় স্বচ্ছ ভারত মিশন , জল জীবন মিশন , আয়ুষ্মান ভারত, পি এম বিশ্বকর্মা যোজনা এবং পি এম মুদ্রা যোজনা নিয়ে আসাম সরকারের অবসরপ্রাপ্ত পঞ্জীয়ক ফার্ম এন্ড সোসাইটি বিভাগের অভিজিৎ দেব লস্কর , জেলা শিল্প ও বানিজ্য কেন্দ্রের আধিকারীক সৌগত দেব প্রমূখ বক্তব্য রাখেন ।

রাজ্যের জলসম্পদ বিভাগ থেকে আকাশবাণীকে জানানো হয়েছে যে আজ সকাল সাতটায় শিলচর অন্নপূর্নাঘাটে বরাক নদীর জল বিপদসীমার ১ সেন্টিমিটার উপরে প্রবাহিত হচ্ছে । এখানে জল সকাল ছটা থেকে স্থিতাবস্থায় রয়েছে ।

---

শিলচরের চৌধুরী আই হসপিটালের উদ্যোগে আগামী ২১শে সেপ্টেম্বর , রবিবার শিলচর চৌধুরী আই হসপিটাল প্রাঙ্গনে বিনামূল্যে ছানী শনাক্তকরন শিবির অনুষ্ঠিত হবে । শিবির সকাল ১০টায় শুরু হবে ।

---

আসাম ভারোত্তোলন সংস্থার উদ্যোগে আজ থেকে তেজপুরে ৫৩তম আন্তঃজেলা ভারোত্তোলন প্রতিযোগিতা শুরু হচ্ছে । আয়োজক সমিতির পক্ষ থেকে জানানো হয়েছে যে- আজ পর্যন্ত খেলোয়াড়রা তাদের নাম পঞ্জীয়ন করতে পারবেন এবং আগামীকাল থেকে প্রতিযোগিতার খেলাগুলি আরম্ভ হবে । কেন্দ্রীয় মন্ত্রী তথা আসাম অলিম্পিক সংস্থার সভাপতি সর্বানন্দ সনোয়াল আজ এই প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করবেন । চারদিনের এই প্রতিযোগিতায় সিনিয়র, জুনিয়র এবং যুব শাখার ছেলে-মেয়ে উভয় বিভাগেই আগামী ২১শে সেপ্টেম্বর পর্য্যন্ত খেলা অনুষ্ঠিত হবে ।

---